বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জনসংযোগ বিভাগ

## ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৯২তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌশলী মোঃ ফজলুল হক<br>ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | **২৪ ডিসেম্বর ২০২৪** |
| সভার সময় | **সকাল ১১.০০ টা** |
| স্থান | বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া |
| উপস্থিতি | তালিকা সংযুক্ত |

ব্যবস্থাপনা পরিচালক ডিসেম্বর ২৪ মাসের/৯২তম সমন্বয় সভায় সকলকে স্বাগত জানান। সভার প্রারম্ভে তিনি জনাব কার্ত্তিক চন্দ্র ঘোষ, মহাব্যবস্থাপক (পরিঃ ও উন্নয়ন)-চলতি দায়িত্ব এবং জনাব মোহাম্মদ আরিফুল হক পারভেজ, উপমহাব্যবস্থাপক (কম্প্রেসর অপারেশন) পদে পদোন্নতিপ্রাপ্ত হওয়ায় তাঁদেরকে সভায় শুভেচ্ছা ও অভিনন্দন জানান। ব্যবস্থাপনা পরিচালক তাঁদের মেধা, শ্রম ও কর্মদক্ষতা দিয়ে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতিতে আরও বেশী অবদান রাখবেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন। পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাগণ কোম্পানি কর্তৃপক্ষের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে কোম্পানির কাজে আত্মনিবেদিত থাকার প্রত্যয় ব্যক্ত করেন। অতঃপর ব্যবস্থাপনা পরিচালক সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপনসহ সভা পরিচালনার জন্য কোম্পানি সচিব-কে অনুরোধ জানালে তিনি বিগত সমন্বয় সভার সিদ্ধান্তসমূহসহ আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

সভায় সর্বসম্মতিক্রমে বিগত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হয়।

বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| **২.০।** | **অপারেশন ডিভিশন:** | | | |
| ২.১। | গ্যাস ফ্লো মিটারিং ব্যবস্থা কম্পিউটারাইজড করার লক্ষ্যে ফ্লো-কম্পিউটার কার্যকরীকরণ/স্থাপন। | সভাকে অবহিত করা হয় যে, গ্যাস ফ্লো-এর মিটারিং ব্যবস্থায় ফ্লো-কম্পিউটার কার্যকরীকরণ/স্থাপন বিষয়ে ১৩-১২-২৪ তারিখে উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি আহ্বান করা হয়। ২৭-১-২০২৪ তারিখে দরপত্র উন্মুক্তকরণ করা হবে। | প্রাপ্ত দরপত্র নিয়মানুযায়ী মূল্যায়নপূর্বক দ্রুত প্রতিবেদন দাখিল করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) ও আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি |
| **৩.০।** | **পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন:** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.১। | চলমান উন্নয়ন প্রকল্প। | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, তিতাস-ই এবং জি লোকেশনে কম্প্রেসর স্থাপনের লক্ষ্যে পুর্তকাজ চলমান আছে। ফাউন্ডেশন কাজ, ট্যাংক নির্মাণ ও অন্যান্য পূর্তকাজ চলছে। বৈদেশিক মালামালের ৩টি কনসাইনমেন্ট সাইটে পৌঁছেছে। কম্প্রেসর ও ইঞ্জিন ডিসেম্বর, ২০২৪ এর মধ্যে শিপমেন্ট হবে। অবশিষ্ট মালামাল মে, ২০২৫ এর মধ্যে শিপমেন্ট হবে। বৈদেশিক মুদ্রার সংকটের কারণে এলসি স্থাপন বিলম্বিত হওয়ায় প্রকল্পটি প্রায় ১৫ মাস পিছিয়ে আছে। সার্বিক অবস্থা পর্যালোচনা করে প্রকল্পের সময় বৃদ্ধি এবং বৈদেশিক মুদ্রার বিনিময় হার বৃদ্ধির কারণে প্রকল্পের ব্যয় বৃদ্ধির লক্ষ্যে আরডিপিপি প্রণয়ন করা যেতে পারে। | "তিতাস লোকেশন-ই এবং জি তে ওয়েলহেড কম্প্রেসর স্থাপন" প্রকল্পের পুর্তকাজ, মেকানিক্যাল ও ইলেকট্রিক্যাল কাজসহ যাবতীয় নির্মাণ কাজ এবং মালামাল শিপমেন্ট সুষ্ঠুভাবে ও যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। সার্বিক অবস্থা পর্যালোচনা করে দ্রুত আরডিপিপি প্রণয়ন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.২। | তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৭টি কূপ ওয়ার্কওভার প্রকল্প। | সভাকে অবহিত করা হয় যে, ৭টি কূপ ওয়ার্কওভার (তিতাস-৩টি, বাখরাবাদ-২টি এবং হবিঃ ও মেঘনা-১টি করে) প্রকল্পের অধীনে তিতাসের ২য় কুপ তিতাস-১৬ এর ওয়ার্কওভার ১০ ডিসেম্বর শুরু হয়েছে। এরপর তিতাস-৮ ওয়ার্কওভারের পরিকল্পনা আছে। তৎপরবর্তীতে বাখরাবাদের ওয়ার্কওভার কাজ শুরুর জন্য বাপেক্স কর্তৃক সাইট ভিজিট করে ওয়ার্কিং লে-আউট প্রদান করা প্রয়োজন। ইতোমধ্যে বাখরাবাদ ও মেঘনা ফিল্ডের জন্য বৈদেশিক মালামাল ক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি ২৫-১১-২৪ তারিখে প্রকাশ হয়েছে। ৭-১-২০২৫ তারিখে দরপত্র উন্মুক্তকরণ করা হবে। | তিতাস-১৬নং কূপের ওয়ার্কওভার কাজ সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদনে সচেতন ও তৎপর থাকতে হবে। পাশাপাশি পরবর্তী গৃহীতব্য ওয়ার্কওভার কার্যক্রম দ্রুত শুরু করার লক্ষ্যে কার্যক্রম এগিয়ে নিতে হবে । বাখরাবাদ ফিল্ডের ওয়ার্কওভার কাজের জন্য বাপেক্স কর্তৃক সাইট ভিজিট করে ওয়ার্কিং লে-আউট দ্রুত প্রদানের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.৩। | প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ। | সভাকে অবহিত করা হয় যে, দেশীয় গ্যাসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পেট্রোবাংলার কর্মপরিকল্পনার আওতায় ২০২৫ সালের মধ্যে সম্পাদিতব্য ৫০টি গ্যাস কূপের উন্নয়ন কার্যক্রমে বিজিএফসিএল-এর ৮টি কূপের ওয়ার্কওভার ও ৬টি কূপ ড্রিলিং (২টি ডিপ-ড্রিলিং) অন্তর্ভুক্ত আছে। তন্মধ্যে, ৭টি কূপ ওয়ার্কওভার প্রকল্পের ডিপিপি অনুমোদিত হয়েছে। ১টি কূপের ওয়ার্কওভার নিজস্ব অর্থায়নে সম্পাদিত হবে এবং ৬টি কূপ খনন সংক্রান্ত ২টি প্রকল্পের ডিপিপি অনুমোদনাধীন আছে। এছাড়া, ২০২৬-২৮ মেয়াদে সম্পাদিতব্য ১০০টি গ্যাস কূপের উন্নয়ন কার্যক্রমের মধ্যে বিজিএফসিএল-এর ১২টি কূপের ওয়ার্কওভার ও ৯টি কূপ ড্রিলিং রয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট কমিটির কার্যক্রম চলমান আছে। | পেট্রোবাংলার কর্মপরিকল্পনার আওতায় কোম্পানির গৃহীতব্য কর্মকান্ড সংশ্লিষ্ট ডিপিপি অনুমোদনের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং আনুষঙ্গিক কার্যক্রম যথাসময়ে ও যথাযথভাবে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) |
| | **বর্তমানে প্রস্তাবিত ৩টি প্রকল্প রয়েছে যেগুলোর সার্বিক অবস্থা নিম্নরূপ:** | | | |
| | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | ক) হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্প। | প্রকল্প সমন্বয়ক সভাকে অবহিত করেন যে, ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের ডিপিপি অনুমোদনের জন্য জ্বালানি উপদেষ্টা মহোদয়ের মাধ্যমে অচিরেই একনেক-এ যাবে। জানুয়ারি-২৫ থেকে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ শুরু হবে। বাপেক্স কর্তৃক প্রকাশিত বৈদেশিক মালামাল ক্রয়ের দরপত্রের মূল্যায়ন চলছে। পরিবেশগত ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির কার্যক্রম প্রক্রিয়াধীন। | হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের ডিপিপি অনুমোদনের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং সংশ্লিষ্ট প্রকল্প সমন্বয়ক |
| | খ) তিতাস ও কামতা ফিল্ডে ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্প। | প্রকল্প সমন্বয়ক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন (তিতাস-৩টি ও কামতা-১টি) টার্ণ-কি ভিত্তিতে সম্পাদনের লক্ষ্যে প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তির বিপরীতে ৩টি প্রতিষ্ঠান হতে দরপত্র পাওয়া গিয়েছে। এছাড়া, খনন সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নিয়োগের প্রকাশিত EOI বিজ্ঞপ্তির বিপরীতে ৭টি প্রতিষ্ঠান হতে দরপত্র পাওয়া গিয়েছে। অধিকন্তু, তিতাস-সি লোকেশনে খননতব্য ৩টি কূপের ড্রিলিং এলাকার ভূমি উন্নয়নসহ আনুষঙ্গিক কাজের আর্থিক প্রস্তাব মূল্যায়নপূর্বক অনুমোদনের জন্য আগামী বোর্ড সভায় কার্যপত্র উপস্থাপন করা হবে। | প্রকল্পের প্রতিটি ধাপ এবং আনুষঙ্গিক কাজ যথাসময়ে সম্পাদন করতে হবে। দরপত্রসমূহের মূল্যায়ন কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে। | |
| | গ) তিতাস ও বাখরাবাদ ফিল্ডে ২টি গভীর (Deep) অনুসন্ধান কূপ খনন প্রকল্প। | প্রকল্প সমন্বয়ক সভাকে অবহিত করেন যে, তিতাস ও বাখরাবাদ ফিল্ডে ২টি গভীর অনুসন্ধান কূপ খনন প্রকল্পের ডিপিপি অনুমোদনাধীন আছে। টার্ণ-কি ভিত্তিতে কার্য সম্পাদনের জন্য ঠিকাদার নিয়োগ সংক্রান্ত দরপত্র বাপেক্স কর্তৃক প্রকাশিত হয়েছে। কোম্পানি কর্তৃক অধিযাচনকৃত ভূমি জানুয়ারি-২৫ এর মাঝামাঝি সময়ে হস্তগত হলে ভূমি উন্নয়ন কাজে নিয়োজিত ঠিকাদারের অনুকূলে NOA ও চুক্তিস্বাক্ষর করা হবে। | ২টি গভীর অনুসন্ধান কূপ খনন প্রকল্পের ডিপিপি অনুমোদন বিষয়ে যোগাযোগ রাখতে হবে। পাশাপাশি, বাপেক্স-এর সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। ভূমি অধিযাচন/হুকুম দখলে সময়ক্ষেপন হওয়ায় ভূমি উন্নয়ন কাজ ৩/৪ মাসের মধ্যে সম্পন্নের জন্য সচেষ্ট হতে হবে। | |
| ৩.৪। | মালামালের স্টোর ব্যবস্থাপনা। | কম্প্রেসর প্রকল্পের Left-over মালামাল যথাযথ সংরক্ষণের নিমিত্ত সমন্বয় সভায় গঠিত কমিটির আহ্বায়ক উপমহাব্যবস্থাপক (কম্প্রেসর মেইন্টঃ)-তিতাস সভাকে অবহিত করেন যে, কমিটি তিতাস-এ এবং সি এর স্টোরসমূহ সরেজমিন পরিদর্শন করে তিতাস-এ এর ১ ও ৩নং স্টোর এবং তিতাস-সি-এর ৬নং স্টোরসমূহকে কম্প্রেসর প্রকল্পের Left-over মালামাল সংরক্ষণের জন্য চিহ্নিত করেছেন। কমিটির প্রতিবেদন অচিরইে দাখিল করা হবে।<br><br>এছাড়া, খালি ড্রাম ও ব্যবহার অযোগ্য ক্যামিকেল অপসারণের বিষয়েও সভার দৃষ্টি আকর্ষণ করা হয়। | খালি ড্রাম এবং ব্যবহার অযোগ্য কেমিক্যাল অপসারণের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ/ফিল্ড কর্তৃক নথি উথাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটি এন্ড আইসিটি) এবং উপমহাব্যবস্থাপক (এসটিআইসি) ও সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.৫। | ফিল্ডসমূহের জন্য Fire License সংগ্রহ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির প্রধান কার্যালয়ের জন্য Fire License সংগ্রহের নিমিত্ত নিয়োজিত প্রতিষ্ঠান কর্তৃক Fire Plan সরকারি অনুমোদনের জন্য দাখিল করা হয়েছে। | অনুমোদিত Fire Plan পাওয়ার পর সেটি বাস্তবায়নের পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৩.৬। | পরিবেশ ছাড়পত্র বা Environmental Clearance Certificate (ECC) নবায়ন। | সভাকে অবহিত করা হয় যে, বাখরাবাদ ফিল্ডের ECC শীঘ্রই পাওয়া যাবে। বাখরাবাদ ফিল্ডের ETP স্থাপন কার্যক্রম নিয়োজিত ঠিকাদারের মাধ্যমে ২০ নভেম্বর শুরু হয়েছে। | বাখরাবাদ ফিল্ডে ETP স্থাপনের কাজ যথাসময়ে ও যথাযথভাবে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি)/ (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |
| ৩.৭। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: | | | |
| | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)। | সভাকে অবহিত করা হয় যে, APA এর ২০২৪-২৫ অর্থবছরের প্রতিশ্রুত লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে কোম্পানি সচেষ্ট আছে। অপরদিকে APA এর ফাইভ টুলস্ NIS, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, GRS, Citizen Charter এবং RTI এর ২০২৪-২৫ অর্থবছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট কমিটিসমূহ কাজ করছে। | APA এর ২০২৪-২৫ অর্থবছরের প্রতিশ্রুত লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৩.৮। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন (Innovation) কার্যক্রম। | সভাকে অবহিত করা হয় যে, এ বছরের জন্য গৃহীত উদ্ভাবনী (Innovation) কার্যক্রম Gas production Report Automation শীর্ষক সফটওয়্যার ব্যবস্থাপক (তিতাস ফিল্ড) উত্তর প্রকৌঃ মোঃ আব্দুল্লাহ আল মামুন কর্তৃক প্রণয়ন করা হচ্ছে। এ সংক্রান্ত একটি প্রেজেন্টেশন ১৫ জানুয়ারির মধ্যে উপস্থাপন করা হবে এবং কর্তৃপক্ষীয় অনুমোদন সাপেক্ষে উদ্ভাবনী (Innovation) কার্যক্রমটি বাস্তবায়ন করা হবে।<br><br>ডি-নথির মাধ্যমে কোম্পানির কার্যক্রম পরিচালনার জন্য সকল কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি প্রায় সকল কার্যক্রম ডি-নথিতে সম্পাদিত হচ্ছে। | উদ্ভাবনী (Innovation) কার্যক্রম Gas production Report Automation সফটওয়্যার কর্তৃপক্ষীয় অনুমোদন সাপেক্ষে দ্রুত বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ডি-নথির কার্যক্রম আরও বাড়াতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপমহাব্যবস্থাপক (আইসিটি)/ (এইচআর) |
| **৪.০।** | **টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন:** | | | |
| ৪.১। | কোম্পানির ভূ-সম্পত্তি ও Right of way সংরক্ষণ: | | | |
| | ক) প্রধান কার্যালয় গোকর্ণঘাট এলাকা। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির প্রধান কার্যালয়-গোকর্ণঘাট এলাকার Right of Way তে স্থায়ী পিলার বসানোর জন্য দরপত্র আহ্বান করা হয়েছে। এস্টেট বিভাগের মাধ্যমে মাপ-জোক সম্পন্ন করে অচিরেই স্থায়ী পিলার বসানোর কাজ শুরু হবে। তাছাড়া, ভূমি দখলমুক্ত করার লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসনের সহযোগিতা নিতে হবে। | এস্টেট ডিপার্টমেন্টের মাধ্যমে মাপ-জোক সম্পন্ন করে Right of Way তে স্থায়ী পিলার বসানোর কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>Right of Way-তে থাকা স্থাপনাসমূহ উচ্ছেদে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) এবং উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (এস্টেট)/(নিরাপত্তা) |

| | | | | |
|---|---|---|---|---|
| | খ) কামতা ফিল্ডের Right of way সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, কামতা ফিল্ডের মেইন গেট সংলগ্ন ভূমিতে বাউন্ডারি ওয়াল নির্মাণ করা হচ্ছে। ফিল্ডের ভূমিসমূহ ও Right of Way-র মাপ-জোকের কাজ সম্পাদন করতে হবে। মাপ-জোকের ক্ষেত্রে ভূমিসমূহের রেকর্ড হালনাগাদ করার প্রয়োজনীয়তা পরিলক্ষিত হয়। | কামতা ফিল্ডের Right of way-সহ ভূ-সম্পত্তির রেকর্ড হালনাগাদসহ সম্পূর্ণ সম্পত্তির উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার লক্ষ্যে কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো:<br>ক) জনাব এম কে মুরাদ, ব্যবস্থাপক (নিরাপত্তা)-আহ্বায়ক<br>খ) জনাব কাজী মাইনুল হোসেন, উপব্যবস্থাপক (এস্টেট)<br>গ) জনাব মোঃ হুমায়ুন কবীর, উপব্যবস্থাপক/ফিল্ড ইনচার্জ- সদস্য সচিব<br>ঘ) জনাব মিজানুর রহমান, সহঃ ব্যবস্থাপক, পুরকৌশল বিভাগ। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন) এবং ডিজিএম (সিভিল)/(এস্টেট) ও ফিল্ড ইনচার্জ |
| | গ) কামতা ফিল্ডের কূপ নং-১ এর বর্তমান অবস্থা নিরূপণ। | বিগত সমন্বয় সভায় গঠিত কমিটি কর্তৃক কামতা ফিল্ডের ১নং কূপের সার্বিক অবস্থা পর্যবেক্ষণ করে প্রতিবেদন দাখিল করা হচ্ছে। কূপটির সার্বিক অবস্থা সন্তোষজনক আছে মর্মে সভাকে অবহিত করা হয়। | | |
| | গ) বাখরাবাদ ফিল্ড সংলগ্ন কোম্পানির ভূ-সম্পত্তি। | আলোচনাকালে উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ) সভাকে অবহিত করেন যে, গোমতী নদীর তীরে অবস্থিত কোম্পানির ভূমির হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে। এছাড়া, ফিল্ডের লোকেশন-সি থেকে লোকেশন-এ পর্যন্ত Right of Way-টি ডিপ ওয়েল ড্রিলিং কালে ব্যবহৃত হবে বিধায় উক্ত ভূমির ডিমার্কেশন ও স্থায়ী সীমানা পিলার স্থাপন করা প্রয়োজন। | গোমতী নদীর তীর সংলগ্ন কোম্পানির ভূমির রেকর্ড হালনাগাদকরণ ও খাজনা পরিশোধ এবং বাখরাবাদ-সি থেকে লোকেশন-এ পর্যন্ত Right of Way-র ডিমার্কেশন বিষয়ে প্রতিবেদন প্রণয়নের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো:<br>ক)জনাব মোহাম্মদ মনিরুজ্জামান, উপমহাব্যবস্থাপক (এস্টেট)-আহ্বায়ক<br>খ) জনাব মোঃ সফিউল্লাহ, ব্যবস্থাপক (সিভিল মেইন্টঃ) গ) ব্যবস্থাপক (ফিল্ড প্রশাসন) বাখরাবাদ | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (টিএস) এবং উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (এস্টেট) |
| | ঘ) নরসিংদী ফিল্ডের সম্মুখভাগে ভূমি অধিগ্রহণ হওয়ায় দালান-কোঠা পুনর্নির্মাণ। | সভাকে অবহিত করা হয় যে, নরসিংদী ফিল্ডের সম্মুখভাগে ভূমি অধিগ্রহণ হওয়ায় সংশ্লিষ্ট দালানকোঠা পুনঃর্নির্মাণ সংক্রান্ত ডিজাইন-ড্রইং এবং ব্যয়ের প্রাক্কলন সম্পন্ন হয়েছে। ক্ষতিপূরণের অর্থ প্রাপ্তির পর দ্রুত পুনঃর্নির্মাণ কাজ শুরু করার পরিকল্পনা আছে। | সরকার হতে নরসিংদী ফিল্ডের সম্মুখভাগের ভূমি অধিগ্রহণ হওয়ায় সম্মুখভাগ ও আবাসনের পুনঃর্নির্মাণ কাজ দ্রুত শুরু করার বিষয়টি অনুমোদনের জন্য বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (নরসিংদী)/(পুরকৌশল) |
| ৪.২। | কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/এসএ/বিএস রেকর্ড হালনাগাদ করা। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/ এসএ/বিএস রেকর্ড যথাযথ করার কার্যক্রম চলমান আছে। | কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/এসএ/বিএস রেকর্ড হালনাগাদ করার জন্য প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ)/ এস্টেট |
| **৫.০।** | **রক্ষণাবেক্ষণ ও আইসিটি ডিভিশন :** | | | |
| ৫.১। | ডাটা সেন্টার/সার্ভার তৈরি। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ওয়েব ক্লাউড, কাস্টমাইজড সফটওয়্যারসমূহ, অভ্যন্তরীণ ডাটা শেয়ার প্রভৃতি বিষয়াবলীর সু-সমন্বয়ে একটি কার্যকর ডাটা সেন্টার/সার্ভার স্থাপন সংক্রান্ত কমিটির প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। | ডাটা সেন্টার/সার্ভার স্থাপন সংক্রান্ত কমিটির প্রতিবেদন কর্তৃপক্ষ কর্তৃক চুড়ান্তকরণ সাপেক্ষে পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি)/(পিডি)/(অপারেশন) এবং সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.২। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অপসারণের জন্য উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে নিলামের কার্যক্রম চলমান আছে। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল মনোনীত প্রতিষ্ঠানকে দরপত্র দলিলে উল্লিখিত মালামালের তালিকা মোতাবেক যথাযথভাবে এবং যথাসংখ্যক পরিমাণে বুঝিয়ে দেয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে। এ বিষয়ে সার্বিক নিরাপত্তা ব্যবস্থা সমুন্নত রাখতে হবে। সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ কমিটিকে সহযোগিতা করবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি/ (প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) |
| ৫.৩। | কোম্পানির স্ক্র্যাপ মালামাল অপসারণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির বিভিন্ন ফিল্ডের স্ক্র্যাপ মালামাল আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার স্মারণী অনুসরণপূর্বক অপসারণ করে ফিল্ড/স্থাপনাসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা প্রয়োজন। | বিভিন্ন ফিল্ডের স্ক্র্যাপ মালামাল আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণী অনুসরণপূর্বক অপসারণ করে ফিল্ড/স্থাপনাসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি/ (প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) |
| ৬.০। | **প্রশাসন ডিভিশন:** | | | |
| ৬.২। | কোম্পানির আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির পরিবর্তন/ সংশোধন প্রস্তাবনা মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন। | মহাব্যবস্থাপক (প্রশাসন) তাঁর ডিভিশনের আলোচ্য বিষয়াবলী সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি জানান, কোম্পানির বিদ্যমান আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজনের বিষয়টি পরিবর্তিত পরিস্থিতির প্রেক্ষাপট বিবেচনায় পুনঃপরীক্ষণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আলোচনাকালে তিনি সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, ইদানিং বিভিন্ন ইস্যুতে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বেনামী চিঠি প্রেরণের প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। এতে কোম্পানির ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। কোনো কর্মকর্তা/কর্মচারীর চাকরি সংক্রান্ত কোনো অভিযোগ/আপত্তি থাকলে সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট/ডিভিশন এবং প্রশাসন ডিভিশনে যোগাযোগ করে বিধি মোতাবেক নিষ্পত্তির চেষ্টা করতে হবে। বিজিএফসিএল পেট্রোবাংলার অধীন একটি ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের সম্মান ও ঐতিহ্য ধরে রাখার জন্য তিনি সকলকে সুশৃঙ্খল, দায়িত্বশীল ও পেশাদার আচরণের অনুরোধ জানান। | কোম্পানির বিদ্যমান আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজনের প্রস্তাব পরিচালনা পর্ষদ সভায় অনুমোদনের জন্য পেশ করা যেতে পারে। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/(প্রশাসন) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৬.৩। | হাই প্রেশার ওয়েল্ডার হিসেবে দক্ষ জনশক্তি তৈরি। | হাই প্রেশার ওয়েল্ডার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের জন্য TICI বরাবর পত্র প্রেরণ করা হয়েছে এবং যোগাযোগ অব্যাহত আছে। | হাই প্রেশার ওয়েল্ডিং সংক্রান্ত প্রশিক্ষণ দ্রুত আয়োজন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন) |
| ৬.৪। | কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখা। | কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত আছে। কোম্পানির ভিজিলেন্স কমিটি কর্তৃক নিরাপত্তা-পরিদর্শন কার্যক্রম নিয়মিতভাবে সম্পাদন করছে। | কোম্পানির সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে গৃহীত কার্যক্রম আন্তরিকতা ও নিষ্ঠার সাথে পরিচালনা করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) |
| ৬.৫। | কোম্পানির চিকিৎসা সেবা প্রদান এবং বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণ। | বাজেট সীমার মধ্যে চিকিৎসার ব্যয় নিয়ন্ত্রণে প্রচেষ্টা অব্যাহত আছে। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। পরিচালনা বাজেটের সার্বিক কার্যক্রমে ব্যয় সংকোচন করতে হবে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপক |
| ৭.০। | **আর্থিক ও হিসাব কার্যক্রম :** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭.১। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) সভাকে অবিহিত করেন যে, কোম্পানির অপারেশনাল ব্যয়ের ক্ষেত্রে ত্রৈমাসিক ব্যয় পর্যালোচনায় কয়েকটি খাতে বাজেট ভেরিয়েন্স পরিলক্ষিত হচ্ছে। তিনি ২০২৪-২৫ অর্থবছরের সকল ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালনায় সচেষ্ট থাকার আহ্বান জানান। তিনি কোনো ব্যয় সংঘটনের পূর্বে বাজেট ছাড় গ্রহণের অনুরোধ জানান। | বাজেট সীমার মধ্যে অপারেশনাল ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণ এবং কৃচ্ছতা সাধনে সকলকে সচেষ্ট থাকতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |

পরিশেষে, সভাপতি ধৈর্য সহকারে সভায় অংশগ্রহণের জন্য সকল কর্মকর্তার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত থাকবে- এ আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
৯ পৌষ ১৪৩১
২৪ ডিসেম্বর ২০২৪

০২-০১-২০২৫
প্রকৌশলী মোঃ ফজলুল হক
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)

তারিখ: ১৮ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০২ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১০.১২১৩.৮৭৬.৪২.০০১.২৪.১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল।
৩। সকল উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/প্রকল্প সমন্বয়ক, বিজিএফসিএল।
৪। ব্যবস্থাপক (রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং), রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।
৫। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।
৬। ব্যবস্থাপক (মেঘনা) (অতিরিক্ত দায়িত্ব), মেঘনা ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।
৭। ফিল্ড ইনচার্জ, কামতা ফিল্ড, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

০২-০১-২০২৫
মোঃ মোজাহার আলী
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক